

ঢাকা, ১৮ মার্চ ২০২০

প্রেস রিলিজ

গত ১৬-০৩-২০২০ ইং তারিখের শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশের মাধ্যমে করোনাভাইরাস সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে ১৮ মার্চ ২০২০ থেকে ৩১ মার্চ ২০২০ পর্যন্ত সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান ও কোচিং সেন্টারগুলো বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হয়েছিল এবং শিক্ষার্থীরা যাতে বাসায় অবস্থান করে তা নিশ্চিত করতে অভিভাবকদের অনুরোধ করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক শিক্ষার্থী ও অভিভাবক এ ছুটিকে সাধারণ ছুটি হিসেবে গণ্য করে বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াচ্ছেন। এমনকি অনেকে কক্সবাজার সমুদ্র সৈকত ভ্রমণেও যাচ্ছেন স্বপরিবারে। একই আদেশে কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হলেও পত্র-পত্রিকার মাধ্যমে জানা যাচ্ছে কিছু কোচিং সেন্টার তাদের কোচিং কার্যক্রম চালিয়ে যাচ্ছে ফলে আমাদের শিক্ষার্থী ও সারাদেশে করোনা ভাইরাস সংক্রমণের ঝুঁকি বাড়ছে। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে আজ পুনরায় চিঠি দেয়া হয়েছে। জেলা প্রশাসন ও পুলিশ সুপারকে নির্দেশ দেয়া হয়েছে কোন শিক্ষার্থীকে রাস্তায় ঘুরতে দেখলে তাদের বাড়িতে পাঠানোর ব্যবস্থা করতে। পাশাপাশি সন্তানদের বাসায় অবস্থান নিশ্চিত করতে অভিভাবকদের প্রতি আহ্বান জানানো হয়েছে।

ধন্যবাদসহ

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮৮৮